মুজিবনগরের মোনাখালীতে মিডা কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মুজিবনগরের মোনাখালীতে মেধার ভিত্তিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুযোগ লাভ করা, এসএসসি ও এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মোনাখালী এডুকেশনাল ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েশন (মিডা) আয়োজিত এবং মিডা পাবলিক লাইব্রেরীর সার্বিক সহযোগিতায় আজ মঙ্গলবার (১৮ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে গুণীদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সহ-সভাপতি মো: সালাউদ্দীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষা অফিসার মেহেরপুর সদর মোঃ আসফুদ্দৌলা শামীম, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ তকলিমা খাতুন ও মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ



মফিজুর রহমান ।

এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে মোনাখালী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রতিষ্ঠাতা মাহবুবুর রহমান ডাবলু, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনারুল ইসলাম, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ সাদেক আলী, মুজিবনগর মহিলা বিষয়ক অফিসার মোঃ সেলিম রেজা মিঠু, রাজাপুর সরকার প্রাথমিক বিদ্যালয়ের (অবসরপ্রাপ্ত) প্রধান শিক্ষক মোঃ ফিরাতুল ইসলাম, পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন, মিডা এর সাধারণ পরিষদের সদস্য শাহিনুর রহমান মানিকসহ বিভিন্ন স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

পরে মোনাখালী গ্রামের বিভিন্ন প্রতিষ্ঠানে অধ্যায়নরত ও উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫ টি ক্যাটাগরিতে ও বিশেষ সম্মাননাতে যা এ ক্যাটাগরিতে হিফজ সস্পন্নকারী ২ জন, বি ক্যাটাগরিতে এসএসসি জিপিএ-৫ প্রাপ্ত ১৭ জন, সি ক্যাটাগরিতে এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত ৩ জন, ডি ক্যাটাগরিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া ৫ জন, ই ক্যাটাগরিতে মিডা সেরা সংগঠক ১ জন, এফ ক্যাটাগরিতে বিশেষ সম্মাননা ২ জন ও জি ক্যাটাগরিতে বীর মুক্তিযোদ্ধা ৫ জনকে সম্মাননা প্রদান করা হয়।

র্যাবের অভিযানে সাড়ে ১৫ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্প মাদক বিরোধী অভিযান চালিয়ে সাড়ে ১৫ কেজি গাঁজাসহ মোঃ মিরাজুল ইসলাম(৪৬) নামের এক মাদক কারবারীকে আটক করেছে। এসময় তার স্ত্রী মোছা: সীতা খাতুন (৩৭) পালিয়ে গেছে।

আটক মিরাজুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কবুরহাট গ্রামের মৃত ওমেদ আলী মন্ডলের ছেলে।

আজ রবিবার (১৬ জুন) সকাল ৮ টার সময় কুষ্টিয়া সদর উপজেলার কবুরহাট (সর্দারপাড়া) এলাকায় ধৃত আসামী মোঃ মিরাজুল ইসলামের বাড়িতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার বসতবাড়ির একটি কক্ষ থেকে সাড়ে ১৫ কেজি গাঁজা উদ্ধার করা হয়। র্যাবের উপস্থিতি টের পেয়ে তার স্ত্রী মোছাঃ সীতা খাতুন সুকৌশলে পালিয়ে যান। গাঁজার আনুমানিক মূল্য ৪ লাখ সাড়ে ৬৬ হাজার টাক বলে প্রাথমিকভাবে জানা গেছে।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান সঙ্গীয়ফোর্সসহ মাদক বিরোধী এই বিশেষ অভিযান পরিচালনা করেন।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীদ্বয় পরস্পর যোগসাজসে দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলা সহ আশপাশের বিভিন্ন এলাকায় মাদক দ্রব্য কেনা-বেচা করে এলাকার যুব সমাজকে ধ্বংস করছে।

গাঁজা উদ্ধারের ঘটনায় কুষ্টিয়া সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামী ও উদ্ধারকৃত আলামত আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য কুষ্টিয়া জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে দোকানের তালার সাথে ককটেল মোড়ানো ব্যাগ

দোকানের সার্টারের তালার সাথে বাজার করা ব্যাগের মধ্যে দুটি ককটেল রেখে গেছে দূর্বৃত্তরা। পরে সদর থানা পুলিশ খবর পেয়ে ককটেল দুটি উদ্ধার করেন।

মেহেরপুর সদর উপজেলার সোনাপুর প্রাথমিক বিদ্যালয়ের পাশে ফরজ আলীর দোকানের সার্টারের তালার সাথে ককটেল দুটি রাখার ঘটনা ঘটে।

আজ রবিবার (১৬ জুন) সকালের দিকে ফরজ আলী তার দোকানে এসে ব্যাগের মধ্যে ককটেল দুটি দেখে স্থানীয় ইউপি সদস্য বিপ্লব হোসেনকে খবর দেন। ইউপি মেম্বর বিপ্লব হোসেন ঘটনাস্থলে পৌঁছে ব্যাগের মধ্যে রাখা ককটেল দুটি দেখে পুলিশকে খবর দেন।

পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল থেকে বোমা সাদৃশ্য বস্তুু দুটি উদ্ধার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি সিয়া এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, কি কারনে ককটেল তুটি ব্যবসা প্রতিষ্ঠানের সামনে রেখেছে এখনো তা বোঝা যাচ্ছে না। পুলিশ বিষয়টি নিয়ে কাজ করছে।

বাকিতে মোবাইল ফোন কিনে দেওয়ায় বিপত্তি, সংঘর্ষে আহত ৬

বাকিতে মোবাইল ফোন কিনে দিয়ে সেই টাকা আদায় করতে গিয়ে পিটুনির শিকার হয়েছেন আব্দুস সামাদ। এঘটনার জের ধরে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের কমপক্ষে ৬ জন আহত হয়েছেন।

গতকাল শনিবার (১৫ জুন) দিবাগত রাত ১০ টার দিকে ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে।

আহতদের মধ্যে রাজনগর গ্রামের সাকন আলীর ছেলে আব্দুস সামাদ, সাবের আলীর ছেলে শফিকুল ইসলাম, তার ছেলে আরিফুল ইসলাম ও সাবের আলীর ছেলে রফিকুল ইসলাম মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন। বাকিরা স্থানীয়ভাবে চিকিিৎসা নিয়ে বাড়িতে রয়েছেন।

জানা গেছে, রাজনগর গ্রামের আব্দুস সামাদ একই গ্রামের রফিকুল ইসলামকে স্থানীয় একটি মোবাইল শোরুম থেকে বাকিতে একটি মোবাইল ফোন কিনে দেন। রফিকুল ইসলাম দীর্ঘদিন যাবৎ মোবাইল ফোনের দাম পরিশোধ না করাই জিম্মাদার আব্দুস সামাদ সেই টাকা দ্রুত পরিশোধ করতে বলেন।

এতে দুজনার মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে আব্দুস সামাদকে বেধড়ক মারধর করে রফিকুল ইসলাম। এই খবর জানাজানি হলে, আব্দুস সামাদের লোকজন শফিকের লোকজনের উপর হামলা চালান। এত উভয়পক্ষের ৬ জন আহত হন। এ ঘটনায় উভয়পক্ষের লোকজন মামলার প্রস্তুতি নিচ্ছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, সংঘর্ষের ঘটনায় পুলিশ পাঠানো হয়েছিল। মামলা দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী কাথুলি ইউনিয়নের ইউপি সদস্য আনারুল ইসলাম মারা গেছেন

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের একাধিকবার নির্বাচিত সদস্য (মেম্বর) ও স্থানীয় আওয়ামীলীগের নেতা আনারুল ইসলাম (৫৪) স্ট্রোকজনিত কারণে মারা গেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

আজ রবিবার (১৬ জুন) ভোররাত ৩ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

কাথুলি ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এই তথ্য নিশ্চিত করেছেন। আজ সকাল ১০ টার সময় রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক

বিদ্যালয় মাঠে নামাজে জানাযা শেষে ধলা কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

আনারুল ইসলামের বড় ছেলে রাজু আহম্মেদ জানান, মঙ্গলবার দিবাগত মধ্যরাতে বাবার বুকে ব্যাথা অনুভব হলে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গেলো রাত ৩ টার দিকে মারা যান তিনি।

তিনি বলেন, চিকিৎসকরা জানিয়েছেন, বাবার হার্টের সমস্যার কারণেই স্ট্রোক করেছেন।

ইউপি মেম্বর আনারুল ইসলামের স্ত্রী, ৩ ছেলে, ১ মেয়ে, আত্বীয় স্বজন, সহকর্মী বন্ধু বান্ধব রয়েছেন।

এদিকে এলাকার জনপ্রিয় মেম্বর আনারুল ইসলামের মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এলাকা সমন্বয়কারি হেলাল উদ্দীন।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নের পবিত্র ঈদুল-আজহার জামাত

আগামী সোমবার (১৭ জুন) বাংলাদেশে পবিত্র ঈদুল-আজহার নামাজ অনুষ্ঠিত হবে। সেই সাথে মেহেরপুর জেলাবাসিও ঈদুল-আজহার নামাজ আদায় করবে।

এ দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের গ্রাম গুলো তাদের ঈদুল-আজহার নামাজের সময় সুচি প্রকাশ করেছে।

আমঝুপি কেন্দ্রীয় ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, আমঝুপি উত্তরপাড়া গন্ধরাজপুর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, আমঝুপি উত্তরপাড়া সকাল ৭.৩০ মিনিটে, আমঝুপি মীরপাড়া ঈদগায়ে সকাল ৭.৪৫ মিনিটে, খোকসা সেখপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, খোকসা কদমতলাপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, খোকসা মল্লিকপাড়া ঈদগায়ে সকাল ৭.০০ টায়, ইসলামনগর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, হিজুলী ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, রঘুনাথপুর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, রঘুনাথপুর ছটাঙ্গা ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, কোলা বাবুপাড়া ঈদগায়ে সকাল ৬ টায়, কোলা খালপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, কোলা নাটনাপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, কোলা কারিকরপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, দফরপুর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, চাঁদবিল ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, চাঁদবিল আহলেহাদিস ঈদগায়ে সকাল ৬ টায়, ময়ামারী ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে ঈদুল-আজহার নামাজ অনুষ্ঠিত হবে।

এর আগে উল্লেখিত গ্রাম গুলির ঈদগাহ কমিটির সভাপতি/ সাধারণ সম্পাদক বলেন, প্রতি বছরের ন্যায় এবারও আমরা সকলে কাঁধে কাঁধে মিলিয়ে ঈদগাহে একযোগে নামাজ আদায় করবো ও দেশবাসীর মঙ্গলের জন্য আল্লাহ্ কাছে দোয়া করবো।

মেহেরপুরে রোগীদের মাঝে সমাজসেবার চেক বিতরণ

মেহেরপুরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস স্ট্রোক সহ বিভিন্ন রোগে আক্রান্ত ৩৪ জন রোগীর মাঝে ১৭ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (১৫ জুন) দুপুরের দিকে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় এই চেক বিতরণ করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি তার নিজ বাসভবনে এই চেক

বিতরণ করেন।

মেহেরপুর সদর উপজেলায় ১৪ জনের মাঝে ৭ লক্ষ টাকা, গাংনী উপজেলায় ১০ জনের মধ্যে ৫ লক্ষ টাকা ও মুজিবনগর উপজেলা ১০ জনের মধ্যে ৫ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, মেহেরপুর শহর সমাজসেবা পরিষদের সাবেক সভাপতি আমিনুল ইসলাম খোকন, জেলা রেজিস্ট্রেশন কর্মকর্তা আবুল মনসুর প্রমুখ উপস্থিত ছিলেন।

টানা নয়দিনের সরকারি সফরে জনপ্রশাসন মন্ত্রী মেহেরপুরে

টানা ৯ দিনের সরকারি সফরে মেহেরপুর আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

গতকাল শুক্রবার রাতে সড়ক পথে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন মেহেরপুরে এসে পৌঁছান।

৯ দিনের সফরে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন প্রতিদিন নিজ বাড়িতে নেতাকর্মীদের সাথে সাক্ষাৎকারের কর্মসূচি রয়েছে।

আগামী ২২ জুন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করার কথা।

গাংনী হাইস্কুলের প্রধান শিক্ষক আফজাল হোসেনের বিরুদ্ধে দুদকের মামলা

জ্ঞাত আয় বর্হিভূত ১ কোটি ১০ লাখ ১৫ হাজার ৫৩৬ টাকা সম্পদ অর্জনের প্রাথমিক তথ্য পাওয়ায় গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রধান শিক্ষক (অধ্যক্ষ) আফজাল হোসেনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

দুদক সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ের সহকারি পরিচালক নীল কমল পাল বাদি হয়ে গত বুধবার দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) ধারায় মামলাটি দায়ের করেন।

দুদক সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ের সহকারি পরিচালক নীল কমল পাল জানান, প্রধান শিক্ষক আফজাল হোসেন দুদকের অনুসন্ধান দলের কাছে তার স্থাবর ও অস্থাবর সম্পদের যে বিবরণী দাখিল করেছেন তার সাথে বাস্তব সম্পদ অসামঞ্জস্যপূর্ণ। তিনি যে সম্পদের পাহাড় গড়েছেন তার দুদকের কাছে লুকিয়েছেন। দুর্নীতির মাধ্যমে সম্পদ অর্জন করে প্রধান শিক্ষক আফজাল হোসেন দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) ধারায় শাস্তিযোগ্য অপরাধ করেছেন। যে কারনে বিচারের লক্ষ্যে মামলাটি দায়ের করেছে দুদক।

দুদকের দায়ের করা মামলার অভিযোগের বিবরণীতে জানা গেছে, আফজাল হোসেন তার নিজের আয়ের টাকা দিয়ে ২০১০ সালে গাংনী পৌর এলাকার বাঁশবাড়ীয়া মৌজায় স্ত্রী সেলিনা আক্তারের নামে ৮.২৫ শতক জমি ক্রয় করেন। জমির দলিল মূল্য দেখানো হয় মাত্র ৪০ হাজার টাকা। ওই জমিতে ২০১২ সালে তিনি নির্মান করেছেন একটি দৃষ্টিনন্দন দ্বিতল ভবন।

আফজাল হোসেন দুদকে যে আয়ের বিবরণী দিয়েছেন তাতে বাড়ি নির্মান ব্যয় দেখানো হয়েছে ২৭ লাখ ৬০ হাজার টাকা। পরে গণপূর্ত অধিদপ্তরের দুজন প্রতিনিধি আফজাল হোসনকে সাথে নিয়ে প্রকৃত নির্মান ব্যয় নির্ধারণ করেছেন ৬৪ লাখ ৩৩ হাজার ৭২৩ টাকা। অর্থাৎ বাড়ি নির্মান কাজের প্রকৃত ব্যয় তিনি গোপন করেছেন।

এদিকে সম্পদের বিবরণীতে আফজাল হোসেন তার নিজ নামীয় ব্যাংক

একাউন্টে টাকা জমার তথ্য গোপন করেছেন। গাংনীর দুটি ব্যাংকে তার একাউন্টে পাওয়া গেছে ১ লাখ ৯২ টাকার স্থিতি।

আফজাল হোসেন ও তার ছোট মেয়ে সুজানা পারভীনের নামে মেহেরপুর প্রধান ডাকঘরে ২০ লাখ টাকার পারিবারিক সঞ্চয়পত্র রয়েছে। দুদুককে দেওয়া তথ্য বিবরণীতে এতথ্যও গোপন করেছেন তিনি।

আফজাল হোসেন স্থাবর ও অস্থাবর সম্পদের যে বিবরণী দাখিল করেছেন তাতে গোপন করা হয়েছে ৩৮ লাখ ৬৫ হাজার ৭৪৯ টাকা।

মামলার আর্জিতে সার্বিক পর্যালোচনায় বলা হয়েছে আফজাল হোসেনের মোট অর্জিত সম্পদের পরিমাণ ২ কোটি ৩ লাখ ৫৫ হাজার ৪৮০ টাকা। তার চাকুরির বেতন ভাতাদিসহ আর্থিক সুবিধা আয়, গৃহসম্পতি আয় ও কৃষি আয় রয়েছে। যার মাসিক আয় হিসেব করে জ্ঞাত আয় বর্হিভূত সম্পদের টাকার পরিমাণ দাঁড়ায় ১ কোটি ১০ লাখ ১৫ হাজার ৫৩৬ টাকা। এ সম্পদের বিষয়ে দুদকের অনুসন্ধান টিমের কাছে প্রধান শিক্ষক আফজাল হোসেন কোন প্রকার সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেননি। এ টাকার সম্পদ অর্জন করে তিনি দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) ধারায় শাস্তিযোগ্য অপরাধ করেছেন। যে কারনে বিচারের লক্ষ্যে মামলাটি দায়ের করেছে দুদক।

এদিকে গতকালই মামলাটি রেকর্ড করেছেন দুদক সমন্বিত কুষ্টিয়া জেলা কার্যালয়ের উপসহকারি পরিচালক সৈয়দ মাইদুল ইসলাম। দুদক আইনে মামলাটির বিচার কার্যক্রম গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের একটি বিশ্বস্থ্য সূত্রে জানা গেছে, আফজাল হোসেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের প্রধান হিসেবে যোগদানের পরপরই শুরু করেন শিক্ষক কর্মচারী নিয়োগ বাণিজ্য।

সূত্রমতে, কলেজ শাখায় শিক্ষক নিয়োগ দিয়েছেন ২১ জন, কাম কম্পিউটার অপারেটর ২ জন, হিসাব রক্ষক ১ জন, অফিস সহায়ক (পিয়ন) ৩ জন। বিদ্যালয়ের জেনারেল শাখায় বিকেল শিফটের জন্য ব্যাক ডেটে নিয়োগ দিয়েছেন ৭ জন, কোনো পদ না থাকলেও অতিরিক্ত অফিস সহায়ক পদে নিয়োগ দিয়েছেন ৫ জনকে। অফিস সহায়ক পদের একজন প্রার্থী সিয়াম হোসেনকে নিয়োগ দিয়ে বিদ্যালয়ে যোগদান করতে না দেওয়ায় সম্প্রতি গাংনী হাসপাতাল বাজারে প্রধান শিক্ষক আফজাল হোসেনকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। পর্যাপ্ত পরিমাণ শিক্ষার্থী না থাকলেও নিয়মবহির্ভূতভাবে শিফট খুলে নিয়োগ দেওয়া হয়েছে ১৫ জন শিক্ষক মাধ্যমিক পর্যায়ের সকাল শিফটের জন্য নিয়োগ দেওয়া হয়েছে ৩ জন

শিক্ষক। ওই সুত্রটি জানায়, এসব শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নেওয়া হয়েছে মোটা অংকের ডোনেশন। যেখানে নতুন শিক্ষকদের জন্য ১৫ থেকে ১৮ লাখ এবং পুরাতন শিক্ষকদের নেওয়া হয়েছিল ৮ থেকে ১০ লাখ টাকা।

জানা গেছে, প্রধান শিক্ষক আফজাল হোসেন ইতোমধ্যে গাংনী উপজেলা পরিষদের পাশে একটি বাড়ি, বাঁশবাড়িয়াতে সোয়া ৮ শতক জমির উপর পৌণে এক কোটি টাকা খরচ করে একটি বাড়ি ও কুষ্টিয়া জেলা শহরের র্যাব ক্যাম্পের পেছনে প্রায় কোটি টাকা মূল্যের জমিসহ একটি একতলা বাড়ি কিনে দোতালায় পরিণত করেছেন। এছাড়া শহরের বিভিন্ন স্থানে রয়েছে একাধিক জমির প্লট ও মাঠান জমি।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে ভিজিএফের চাল বিতরণ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদে দু:স্থ ও অতি দরিদ্রদের মাঝে ঈদুল আযহা উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ভিজিএফের চাউল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ৮ টার সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ইউনিয়নের ১২ টি গ্রামের ২০০৫ টি পরিবারের মাঝে অতি দরিদ্রের সামাজিক নিরাপত্তা বেষ্টনি কার্যক্রম ভালনারেবল গ্রুপ ফিডিং (ভিজিএফ) কর্মসুচির আওতায় এই চাউল বিতরণ করা হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান এবং বর্তমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান বাবুল মল্লিক উপস্থিত থেকে চাউল বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা সেলিম রেজা, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য সোহরাব উদ্দিন, রমজান আলী, ইউনিয়ন পরিষদের সচিব রশিদুল ইসলাম, পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর হাসানুজ্জামান খান সহ ইউনিয়ন পরিষদের কর্মরত গ্রাম পুলিশের সদস্যবৃন্দ।